

পরিচালকদের সংক্ষিপ্ত জীবন-বৃত্তান্ত

এ.টি.এম. আহমেদুর রহমান
চেয়ারম্যান



এ.টি.এম.আহমেদুর রহমান ফিন্যান্স বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৫ ব্যাচে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন এবং একই বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন এর ২১তম ব্যাচে এমবিএ ডিগ্রি অর্জন করেন। তিনি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর একজন মহাব্যবস্থাপক এবং এ পদমর্যদার কর্মকর্তা হিসেবে তিনি বর্তমানে আইসিবি এর একটি সাবসিডিয়ারি আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এ সিইও এর দায়িত্ব পালন করছেন। আইসিবিতে তাঁর সুদীর্ঘ ৩১ বছরের কর্ম অভিজ্ঞতা রয়েছে। তিনি আইসিবি এর প্রতিনিধি হিসেবে কে এন্ড কিউ (বাংলাদেশ) লিমিটেড এবং আজিজ পাইপস লিমিটেড এর পরিচালক হিসেবে দায়িত্বরত রয়েছেন। কোম্পানির পরিচালনা পর্ষদের ২৩৫তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক তিনি চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।

মোহাম্মদ আব্দুল হালিম
উদ্যোক্তা পরিচালক



মোহাম্মদ আব্দুল হালিম, উদ্যোক্তা পরিচালক হিসেবে আজিজ পাইপস লিমিটেডের দায়িত্ব পালন করছেন। তিনি অর্থনীতি বিষয়ে জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭৫ সালে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি বিভিন্ন ব্যবসা ও শিল্প প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছেন। এক্ষেত্রে তার দীর্ঘ ৪৩ বৎসর অভিজ্ঞতা আছে। তিনি প্রথম বেসরকারী ব্যাংক, ন্যাশনাল ব্যাংক লিমিটেডের সাবেক পরিচালক ছিলেন।

মোহাম্মদ আহসান উল্লাহ
উদ্যোক্তা পরিচালক



মোহাম্মদ আহসান উল্লাহ আজিজ পাইপস লিমিটেডের একজন উদ্যোক্তা পরিচালক। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে ইলেকট্রিক্যাল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি লাভ করেন। বর্তমানে তিনি বিদেশে অবস্থান/বসবাস করছেন।

মোহাম্মদ আসাদ উল্লাহ
পরিচালক



মোহাম্মদ আসাদ উল্লাহ বিএসসি ইঞ্জিনিয়ারিং পাশ করেন এবং অহিও স্টেট ইউনিভার্সিটি, ইউ.এস.এ থেকে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি আজিজ পাইপস লিমিটেডের একজন পরিচালক। বর্তমানে তিনি বিদেশে অবস্থান/বসবাস করছেন।

মিজ্ হাছিনা আক্তার
পরিচালক



মিজ্ হাছিনা আক্তার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৫ সালে ব্যবস্থাপনা ডিসিপ্লিনে স্নাতক সন্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ থেকে ব্যাংকিং ডিপ্লোমাসহ পেশাগত দক্ষতা অর্জনে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর মহাব্যবস্থাপক হিসেবে বর্তমানে অপারেশনস্ ও আইসিটি এন্ড ডিপোজিটরি উইং-এ দায়িত্বরত। বর্তমানে আইসিবির মনোনীত পরিচালক হিসেবে আরামিট থাই এ্যালুমিনিয়াম, সুরাইয়া মান্নান এথ্রো ফিসারিজ লিঃ, হাসনাবাদ ডেইরী প্রোডাক্ট লিঃ এবং আজিজ পাইপস্ লিমিটেড এর দায়িত্ব পালন করছেন। সে অত্র কোম্পানির নিরীক্ষা কমিটির সদস্য পদে নিয়োজিত আছেন।

খন্দকার নূরুজ্জামান
স্বতন্ত্র পরিচালক



খন্দকার নূরুজ্জামান ১৯৭৫ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে সন্মানসহ মাস্টার্স ডিগ্রী এবং বিটিএ স্কলারশীপ পেয়ে যুক্তরাজ্যের ব্রাডফোর্ট বিশ্ববিদ্যালয় থেকে উন্নয়ন অর্থনীতি বিষয়ে এমএসসি ডিগ্রী লাভ করেন। তিনি বাংলাদেশ প্ল্যানিং কমিশনের কার্যক্রম বিভাগের প্রধান হিসেবে ২০১৪ সালে অবসর গ্রহণ করেন। কর্মকালীন সময়ে তিনি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, জাপান, চীন, সিঙ্গাপুর, থাইল্যান্ড, ফিলিপাইন, ইন্দোনেশিয়া, বেলজিয়াম, ফ্রান্স এবং ভারতসহ বিভিন্ন দেশে পেশাগত প্রশিক্ষণ গ্রহণ করেছেন। বিভিন্ন মন্ত্রণালয়ে তাঁর সুদীর্ঘ ৩৬ বছরের কর্ম অভিজ্ঞতা রয়েছে। বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ এবং শিল্প মন্ত্রণালয়ে চাকুরীকালীন সময়ে তিনি বিভিন্ন সরকারী কোম্পানির বোর্ডে সরকার কর্তৃক মনোনীত পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি আজিজ পাইপস্ লিমিটেডের স্বতন্ত্র পরিচালক এবং কোম্পানির নমিনেশন অ্যান্ড রিমিউনারেশন কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।

মোঃ নূরুল হক
স্বতন্ত্র পরিচালক



মোঃ নূরুল হক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ব্যবস্থাপনা বিষয়ে ১৯৬৯ সালে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি ১৯৭০ সালে তদানিন্তন হাবিব ব্যাংক লিমিটেডের প্রধান কার্যালয় করাচিতে অফিসার হিসেবে কর্মজীবন শুরু করেন। তিনি অগ্রণী ব্যাংক লিমিটেডের বিভিন্ন শাখায় গুরুত্বপূর্ণ পদে নিয়োজিত থেকে ২০০৩ সালে উপ-মহাব্যবস্থাপক পদ থেকে অবসর গ্রহণ করেন। ইহা ছাড়াও তিনি ডাচ বাংলা ব্যাংক লিমিটেডের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন। ব্যাংকিং সেক্টরে তার সুদীর্ঘ ৩৭ বৎসরের কর্ম অভিজ্ঞতা রয়েছে। কর্মজীবনে তিনি যুক্তরাষ্ট্র, থাইল্যান্ড, হংকং, পাকিস্তান ও ভারতে পেশাগত প্রশিক্ষণ গ্রহণ ও সফর করেছেন। বর্তমানে তিনি আজিজ পাইপস্ লিমিটেডের স্বতন্ত্র পরিচালক এবং কোম্পানির অডিট কমিটির চেয়ারপারসন হিসেবে দায়িত্ব পালন করছেন।

মোঃ নূরুল আবছার
ব্যবস্থাপনা পরিচালক



মোঃ নূরুল আবছার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৯ সালে হিসাব বিজ্ঞানে স্নাতকোত্তর এবং একই বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯০ সালে এল.এল.বি ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে তিনি আইসিএবি এর আওতাধীন সিএ ফার্ম মেসার্স এ ওহাব এন্ড কোং থেকে সিএ কোর্স সম্পন্ন করেন। ১৯৯৬ সালে আজিজ পাইপস্ লিমিটেডে হিসাব রক্ষক পদে যোগদান করেন এবং পরবর্তীতে বিভিন্ন পদে নিয়োজিত ছিলেন ও ২০০৯ সালে প্রধান অর্থ কর্মকর্তা হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি ৩০ এপ্রিল ২০১৪ তারিখ